যুগান্তর

তাং - 27 FEB 2015 -
পৃঃ - ২০ কঃ - ৩১

# ছাত্রদলের ২ নেতা ২০ পেট্রলবোমাসহ গ্রেফতার

যুগান্তর রিপোর্ট

২০টি পেট্রলবোমাসহ দুই ছাত্রদল নেতাকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। বুধবার রাতে নগরীর কল্যাণপুর এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়। তারা হলেন— জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সভাপতি ও ছাত্রদল কেন্দ্রীয় কমিটির সহসাংগঠনিক সম্পাদক মো. জাকির হোসেন এবং কেন্দ্রীয় কমিটির

**গ্রেফতার : পৃষ্ঠা ১৯ : কলাম ৪**

## গ্রেফতার : ২ নেতা

**(শেষ পৃষ্ঠার পর)**

সহসাধারণ সম্পাদক মৃণাল কান্তি দাশ। এদিকে বুধবার রাতে নয়াপল্টন থেকে ছাত্রদলের কেন্দ্রীয় ক্রীড়াবিষয়ক সম্পাদক সৈয়দ আবু মোহাম্মদকে আটক করা হয়েছে বলে দাবি করেছেন ছাত্রদল নেতারা। তবে পল্টন থানা পুলিশ তাকে আটকের বিষয়টি অস্বীকার করেছে। ডিবি পুলিশের যুগ্ম কমিশনার মনিরুল ইসলাম জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেফতারকৃতরা জানিয়েছে, ছাত্রদলের বেশকিছু নেতাকর্মী গাবতলীর বসুপাড়ার রোজিনা বাস কাউন্টারের সামনে পেট্রলবোমাসহ অবস্থান করছিল। পুলিশ খবর পেয়ে ২০টি পেট্রলবোমাসহ জাকির ও মৃণালকে গ্রেফতার করে।

মনিরুল ইসলাম আরও জানান, কেন্দ্রীয় ছাত্রদল সভাপতি রাজিব আহসানসহ আরও ১০ থেকে ১২ নেতাকর্মী ঘটনাস্থল থেকে পালিয়ে গেছে। এ ঘটনায় দারুস সালাম থানায় একটি মামলা করা হয়েছে।

এ ঘটনায় বুধবার রাতেই ডিবির এসআই মো. আনসার আলী বাদী হয়ে বিস্ফোরক উৎপাদনাবলী আইনের ৪ (খ) ধারায় দারুস সালাম থানায় একটি মামলা করেছেন। মামলার তদন্ত কর্মকর্তা আনসার আলী। তিনি বৃহস্পতিবার তাদের ১০ দিনের রিমান্ড চেয়ে আদালতে পাঠান। আদালত প্রতিবেদক জানান, দুই ছাত্রদল নেতার ৩ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। এ সময় আসামিদের আইনজীবীরা জামিন আবেদন করলেও আদালত তা নাকচ করে দেন।

**ছাত্রনেতা আটক** : এদিকে ছাত্রদলের কেন্দ্রীয় ক্রীড়াবিষয়ক সম্পাদক সৈয়দ আবু মোহাম্মদকে পল্টন থানার সামনে সিটি হার্ট মার্কেট থেকে আটক করেছে পুলিশ। বুধবার রাত ১০টার দিকে তাকে আটক করা হলেও পুলিশের পক্ষ থেকে বিষয়টি স্বীকার করা হয়নি।